কলিকাতা নিমতলা ঘাট ষ্ট্রিট ৮ সংখ্যক ভবনে
সংবাদ জ্ঞানরত্নাকর যন্ত্রে শ্রীভুবনচন্দ্র বসাক
দ্বারা মুদ্রিত। ১২৯২

বিজ্ঞাপন।

এই জলপান বিধি কোন গ্রন্থ বিশেষের অনুবাদ নহে ইহা আমার দ্বারা বিবেচিত। কঠিন, যাপ্য, কষ্টসাধ্য এবং উৎকট রোগে এই রূপ ব্যবস্থায় বিশেষ ফল প্রাপ্ত হইয়াছি বলিয়া সাধারণের উপকারার্থে মুদ্রিত ও প্রচারিত হইল। অন্য ঔষধ ব্যতীত আমার পথ্যাপথ্যের ও এই জলপান বিধির ব্যবস্থায় লিখিত রোগ সমুদায় আরোগ্য হইতে পারে। ইহা দ্বারা কিঞ্চিন্মাত্র সাধারণের উপকার দর্শিলে সমুদায় শ্রম সফল জ্ঞান করিব। কিমধিকমিতি

সন ১২৯১ সাল।
কলিকাতা, বৈশাখ।

শ্রীভুবনচন্দ্র বসাক।
৮ নং নিমতলা ঘাট ষ্ট্রীট।

অধ্যায় নিরূপণ।

ইতি জলপান বিধির অধ্যায় নিরূপণ ।

সতর্ক।

১ সদ্য প্রস্তুতীয় জল ভিন্ন বাসি জলপান বিষ তুল্য, নিষিদ্ধ।

২। সর্ব্বত্রে বালকের ও অশীতি বৎসরের পর অর্দ্ধ মাত্রা।

৩। প্রস্তুতীয় জল, সমুদায় পান করিতে হইবেক এরূপ স্থিরতা নাই। তৃষ্ণা অনুসারে যিনি যত পরিমাণে পারেন পান করিবেন। অভাব হইলে পুনরায় প্রস্তুত করিয়া লইবেন।

সূচীপত্র।

প্রথম অধ্যায়।

ইতি প্রথম অধ্যায়। ১।

দ্বিতীয় অধ্যায়।

ইতি দ্বিতীয় অধ্যায় ॥ ২ ॥

তৃতীয় অধ্যায়।

ইতি তৃতীয় অধ্যায় ॥ ৩ ॥

চতুর্থ অধ্যায়।

ইতি চতুর্থ অধ্যায় ॥ ৪ ॥

পঞ্চম অধ্যায়।

ইতি পঞ্চম অধ্যায়। ৫।

ষষ্ঠ অধ্যায়।

ইতি ষষ্ঠ অধ্যায়। ৬।

সপ্তম অধ্যায়।

ইতি সপ্তম অধ্যায়॥ ৭ ॥

অষ্টম অধ্যায়।

ইতি অষ্টম অধ্যায়॥ ৮ ॥

নবম অধ্যায়।

ইতি নবম অধ্যায় ॥ ৯ ॥

দশম অধ্যায়।

ইতি দশম অধ্যায় ॥১০॥

একাদশ অধ্যায়।

ইতি একাদশ অধ্যায় ॥ ১১ ॥

দ্বাদশ অধ্যায়।

ইতি দ্বাদশ অধ্যায় ॥ ১২ ॥

ত্রয়োদশ অধ্যায়।

ইতি ত্রয়োদশ অধ্যায় ॥ ১৩ ॥

সমাপ্ত সূচীপত্র।

জলপান বিধি।

মুখবন্ধ।

জল (সং) নাম — পানীয়। সলিল। নীর। কীলাল। অম্বু। আপ। বার্। বারি। তোয়। পয়। পাথ। উদক। জীবন। অমৃত। ঘনরস। জলের সাধারণ গুণ — ভ্রম। শ্রম। মূর্চ্ছা। পিপাসা। তন্দ্রা। বমন ও নিদ্রা নাশক। বলকারক। তর্পণ। হৃদ্য। গুপ্তরস। শীতল। অজীর্ণ শান্তি কারক। রসের কারণ অমৃত সমান। জীবন।

দিব্য ও ভৌম মুনিগণ এই দুই প্রকার জলের ভেদ করিয়াছেন।

দিব্যের ভেদ চার প্রকার। যথা — ধারাজ। করকাভব। তৌষার। হৈম এই চার। তন্মধ্যে ধারাজলের গুণ অধিক। আকাশ হইতে বর্ষার জল পরিষ্কৃত বস্ত্রে ছাঁকিয়া স্বর্ণ, রজত, তাম্র, কাঁচ বা মৃত্তিকা পাত্রে রাখিলে ধারাজ কহে। গুণ — ত্রিদোষ নাশক। হালকা। সৌম্য। অনির্দ্দেশ্য রস। রসায়ন। বলকর। তর্পণ। আহ্লাদক। জীবন। পাচন। মেধা বর্দ্ধক। — মূর্চ্ছা। তন্দ্রা। দাহ। শ্রম। ক্লম ও পিপাসা নাশক। ধারা জল বর্ষাকালে পথ্য। কিন্তু তিন দিনের বেশী গুণদায়ক নহে। বর্ষা ঋতু ভিন্ন অন্য ঋতুর ধারা জল ভাল নহে।

ধারা জল দুই প্রকার। গাঙ্গ ও সামুদ্র। কার্ত্তিক মাসে স্বাতি ও বিশাখার সূর্য্য হইলে যে জল বর্ষে তাহাকে গাঙ্গ কহে। বৈশাখাদি মাসে মৃগশিরা প্রভৃতি নক্ষত্রের সূর্য্যের সময় বর্ষাকালীন জল সামুদ্র বলিয়া প্রসিদ্ধ। উভয়ের গুণ — গাঙ্গ জল স্বাদু। শীতল। রুচিকারী। পিত্ত ও কফ নাশক। নির্দ্দোষ, ইষ্ট ও হলকা। পাত্র দ্বারা যুক্তি পূর্ব্বক এই বৃষ্টির জল ধরিলে অধিক গুণ যুক্ত ও পথ্য হয়।

সামুদ্র জল কফ ও বাত কর। ভারী। শীতল। সামুদ্র জল আশ্বিন মাসে চিত্রা নক্ষত্রে পতিত হইলে গাঙ্গ জলের ন্যায় গুণ কারী। কফ ও বাতকারী হয় না।

এই দুই প্রকার ধারা জল পৃথিবীতে পতিত হইলে পৃথ্বী জল হয়। পূর্ব্বোক্ত গুণ নষ্ট হইয়া পতিত স্থানের গুণ দর্শে।

সামুদ্র জলের দোষ — বিস্রদোষযুক্ত। ক্ষারী। তেজী লবণাক্ত, বীর্য্য, দৃষ্টি বল এই সব নাশক। এই জন্য সকল কার্য্যে দোষ জনক ত্যাজ্য।

প্রথম, দিব্য জলের ভেদে ঋতু জলের গুণ ---- কুঋতুর জল অর্থাৎ পৌষ আদি মাস চতুষ্টয়ের জল সকল প্রাণির ত্রিদোষ কর হয়।

দ্বিতীয়, করকাভব জল। গুণ — রুক্ষ। নির্ম্মল। ভারী। স্থির। কঠোর। শীতল। গাঢ়। পিত্ত হারক। বাত ও কফ কারক

তৃতীয়, তুষারের জল। নদী ও সমুদ্রের বাষ্পকে তুষার কহে। উহাতে উৎপন্ন জলকে তুষার জল বলে। গুণ —

জলে কেশুর পানফলাদি হয় তাহার জল ভারী। মতান্তরে
--- পূর্ব্ববাহী নদী সমুদয়ের জল ভারী। পশ্চিমের
হালকা। বহুধা মন্দবাহী নদীর জল ভারী ও শীঘ্র বাহীর
হালকা হয়। প্রস্তর বা বালুকাময় হইলে হালকা ও নির্ম্মল
হয়। যে নদী হিমালয় পর্ব্বত হইতে প্রবাহিত তাহার
জল অমৃত সমান। বিন্ধ্যাচল হইতে উৎপন্ন নদীর জলে শি-
রোরোগ। হৃদ্রোগ। কুষ্ঠ ও শ্লীপদ এই সমুদয় রোগ জন্মায়।

ঋতুভেদে নদীর জলের পথ্যাপথ্য।

বসন্ত ও গ্রীষ্ম ঋতুতে নদীর জল পান করা ব্যবস্থা নহে।
কারণ বিষযুক্ত বনবৃক্ষ পত্রাদিতে এই ঋতুর জল দূষিত
হয়। ইতি ভৌম জলসম্বন্ধে নদী জল।

ঔদ্ভিদ জল --- গভীর খননে জলধারা প্রবাহিত
হইলে পণ্ডিতেরা ঔদ্ভিদ জল কহেন। ইহার গুণ পিত্ত
নাশক। অবিদাহী। শীতল। প্রসন্নকারক। মধুর।
বলকারী হালকা। কিঞ্চিৎ বাতকর। ইতি ভৌম জল
সম্বন্ধে ঔদ্ভিদ জল।

নির্ঝর জলের লক্ষণ --- পর্ব্বত শিখর হইতে পতিত
জলকে নির্ঝর বা ঝর্নার জল কহে। গুণ — রুচিকর। কফ
কারক। দীপন। হালকা। মধুর। পাকে কটু। বাতল ও
পিত্ত বৃদ্ধি কর নহে। ইতি ভৌম জল সম্বন্ধে নির্ঝর জল।

সারস বা ঝিলের জল, উহার লক্ষণ —

সারস বা স্বতঃ নিম্ন ভূমিতে বর্ষাকালের জল পূর্ণ

হইলে তাহাকে সারস বা ঝিলের জল বলে । গুণ — বল-কারী । পিপাসানাশক । মধুর । হালকা । রেচক । তুবর । রুক্ষ । শ্বেতবর্ণ । — মল ও মূত্র সংশোধিত । ইতি ভৌম জল সম্বন্ধে সারস জল ।

তড়াগ অর্থাৎ পুষ্করিণীর জল । লক্ষণ — উত্তম ভূমিতে বহুকালাবধি জল থাকিলে উহাকে তড়াগ জল বলে । গুণ — স্বাদু । কষায় । পাকে কটু । বাতল । রক্তপিত্ত তথা কফ নাশক । ইতি ভৌম জল সম্বন্ধে তড়াগ জল ।

বাপ্য অর্থাৎ বাউরী বা বাউলীর জল । লক্ষণ — ইট বা প্রস্তরের দ্বারা প্রস্থিত গভীর ও বিস্তীর্ণ কুপকে বাপী বলে উহার জলকে বাপ্য কহে, গুণ — বাউরির জল ক্ষার । পিত্তকর । কফ ও বাত নাশক । সুমিষ্ট হইলে কফ কারক ও বাতপিত্ত নাশক । ইতি ভৌম জল সম্বন্ধে বাপ্য জল ।

কৌপ্য অর্থাৎ কূয়ার জল । ইহাব লক্ষণ গোল গভীর গর্ত্ত — কাঁচা বা পাকা যাহাই হউক কূয়া বলে এবং উহার জলকে কৌপ্য বলে । গুণ — মিষ্ট হইলে হালকা । ত্রিদোষ নাশক । হিতকারী । ক্ষার হইলে কফ ও বাতনাশক । দীপন ও পিত্ত কর ইতি ভৌম জল সম্বন্ধে কৌপ জল ।

চৌড্য অর্থাৎ ঝর্নার জল । লক্ষণ — শিলা মধ্যে স্বতঃ বিল হয় ও যাহার জল কালবর্ণ অপর লতা সমূহে সমাচ্ছন্ন হইলে তাহাকে চৌড্য বলে । পাহাড়ী ভাষায় খড্ডচূটের কহে । কাহার ২ মতে প্রস্তরাবৃত না হইলেও চৌড্য বলে । উহার জলকে চৌড্য জল বলে । গুণ — অগ্নিকর । রুক্ষ । কফ নাশক হালকা । মিষ্ট । রুচিকর । পিত্ত নাশক ।

সূক্ষ্ম। রুক্ষ। শীতল। বাতল। পিত্ত কর নহে। -- কফ। উরুস্তম্ভ। কণ্ঠরোগ। মন্দাগ্নি ও মেদ রোগ নাশক। বসুধা তুষার জল প্রাণিগণের কুপথ্য, পরন্তু বৃক্ষের হিতকর।

চতুর্থ, হৈম জল। গুণ — শীতল। পিত্তহর। ভারী। বাত বৃদ্ধিকর। রুক্ষ। দারুণ।

ইতি আকাশের চার প্রকার জল।

ভৌম জলের ভেদ -- ভৌম অর্থাৎ পৃথ্বী জল। উহা তিন প্রকার। যথা জাঙ্গল, অনূপ ও সাধারণ।

জাঙ্গল জলের লক্ষণ — অল্প বৃক্ষ ও অল্প শাখাযুক্ত এবং বেল। আকন্দ। শমী। কেশুর আদি যথেষ্ঠ জন্মায়। অপর হরিণ, গর্দ্দভ ও গাভি আদি পশুর বাস এবং স্বাদু ফল যুক্ত বাতল দেশকে জাঙ্গল বলে। উক্ত স্থানের জলকে জাঙ্গল কহা যায়। গুণ — রুক্ষ। ক্ষার। হালকা। অগ্নি বর্দ্ধক। পিত্ত হারক। কফ কর। পথ্য। অপর যথেষ্ঠ বিকার কারক। ইতি ভৌম জল ভেদে জাঙ্গল জল।

অনূপ জল — যে খানে বৃক্ষ ও জল অনেক। বাত ও কফ রোগের প্রাদুর্ভাব সেই দেশকে অনুপ দেশ কহে — এবং উহার জলকে অনুপ জল বলে। মতান্তরে — যে দেশে নদী, পুষ্করিণী, পর্ব্বত এবং পদ্ম বিস্তর জন্মায়। সে স্থানের জলাশয়ে হংস, সারস, জল কুক্কুট, চক্রবাক, চক্রবাকী অনেক থাকে অপর শূকর, মহিষ ও বৃক্ষ আদি এবং বাত ও কফ রোগাক্রান্ত অনেক হইলে সেই দেশকে

অনূপ দেশ বলে। উক্ত স্থানের জল কে অনূপ জল কহা যায়। অনূপ জলের গুণ — স্বাদু। অভিষ্যন্দি। চিক্কণ। পিচ্ছিল। গাঢ়। ভারী। অগ্নি নাশক। প্রমেহ। গলগণ্ড। শ্লীপদ। ছর্দ্দি ও কফকর এবং অনেক বিকার কারক। মন্দ। ইতি ভৌমজল ভেদে আনুপ জল।

সাধারণ জলের লক্ষণ — যে দেশে জাঙ্গল ও আনুপ উভয় লক্ষণ পাওয়া যায়, তাহাকে সাধারণ জল বলে। গুণ — মধুর। দীপন। শীতল। হালকা। তর্পণ। রেচন। পিপাসা। দাহ ও ত্রিদোষ নাশক। ইতি ভৌম জল ভেদে সাধারণ জল।

পৃথিবীর দেশ বিশেষে উৎপন্ন জলের গুণ ও লক্ষণ গাঙ্গ বা সামুদ্র যাহা হউক পৃথিবীতে যে জল পতিত হয়, উহার গুণ ও রস আশ্রয়ের কারণ পরিবর্ত্তন হইয়া যায়। সেই রূপ নদীর জল আকাশ হইতে বর্ষিয়া ভুমিতে স্থিতি হেতু ভৌম জলের সহিত গণনা করিতে হইবেক।

পানাযোগ্য জলের লক্ষণ — যেমন নদ বা নদীর জলকে নাদেয় বলে। গুণ — রুক্ষ। শীতল। হালকা। দীপন। স্বচ্ছ। তিক্ত বা কটু। অভিষ্যন্দী নহে। কফ ও পিত্ত নাশক।

সগুণ নদী জলের লক্ষণ — যাহার জল এক হাজার আট ধনুক পর্য্যন্ত না বহে সে নদী নহে, তাহাকে গর্ত্ত বলে। শীঘ্রবাহী নির্ম্মল জল হালকা। মন্দবাহী যাহার

পাঁচন। বিষদ। ইতি ভৌম জল সম্বন্ধে চৌড্য জল।

পাল্বল অর্থাৎ ক্ষুদ্র পুষ্করিণীর জল। লক্ষণ---ছোট পুষ্করিণী যাহাব জল সূর্য্যোত্তাপে শুকাইয়া যায় উহার জলকে পাল্বল জল বলে। গুণ—অভিস্যন্দি। ভারী। স্বাদু ও ত্রিদোষ নাশক। ইতি ভৌম জল সম্বন্ধে পাল্বল বলে।

বিকির জল। ইহার লক্ষণ — নদ্যাদির সন্নিকট বালুকাভূমি খনন করিলে যে জলোত্থিত হয়। তাহাকে বিকির বলে। গুণ--শীতল। হালকা। নির্দ্দোষ। তুবর। স্বাদু। পিত্তহর। ক্ষার। মতান্তরে — কিঞ্চিৎ পিত্তকর। ইতি ভৌম জল সম্বন্ধে বিকির জল।

কৈদার অর্থাৎ কেয়ারির জল। লক্ষণ — কেদার ক্ষেত্রকে কেয়ারি বলে। উহার জল কৈদার নামে প্রসিদ্ধ। গুণ — মধুর। ভারী। দোষকর। অভিষ্যন্দী। ইতি ভৌম জল স ন্ধে কৈদার জল।

বার্ষিক জল— আবশ্যক মতে বর্ষার জল কার্য্যে প্রয়োগ করা যাইতে পারে। যে দিবস অত্যন্ত বর্ষা হয় তাহার জল অহিতকারী —। এই জল ক্রমিক ত্রিরাত্র পতন হইলে নির্ম্মল ও অমৃত তুল্য হয়। ইতি ভৌম জল সম্বন্ধে বার্ষক জল।

ঋতু ভেদে জলের বিশেষতা। হেমন্ত ঋতুতে সারস ও তড়াগের জল হিতকারী। শিশিরেও সমান, বসন্ত ও গ্রীষ্মে কূপ, বাউরী ও ঝর্নার জল হিতকারী —। এসময়ে নদীর জল কদাচ খাইবে না, কারণ বন বৃক্ষের পত্রাদি পড়িয়া জল দুষিত হয়। এমন কি স্থলে ২ বিষাক্ত হইয়া

থাকে। বর্ষা ঋতুতে উদ্ভিদ, কূপ ও আকাশ জল হিতকারী। শরৎঋতুতে যেমন নদীর জল হিতকারী তদ্রূপ অংশূদক অতি হিতকারী ও নির্দ্দোষ অপর আকাশের জল সমান গুণ বলকারী। রসায়ন। পবিত্র। শীতল। হালকা। অমৃত সমান। অভিষ্যন্দী নহে।

অংশূদকের লক্ষণ সমস্ত দিন সূর্য্য কিরণোত্তাপে উত্থিত জল রাত্রিকালে চন্দ্র কিরণে শীতল হইয়া পতিত জলকে অংশূদক কহে। উহা স্নিগ্ধ ও অমৃত সমান।

প্রকারান্তর বিধি—এক কলসী জল দিবাভাগে সূর্য্যোত্তাপে ও সমস্ত নিশা রাখিয়া পরদিন প্রাতে ছাঁকিয়া অন্য কলসীতে দিবা রাত্র রাখিবে। এই জল কফ। বাত। পিত্ত রক্ত এই সব রোগ নাশক, বলকারী ও ক্ষয় নাশক। অগ্নিদীপন ও নেত্রের হিতকারী। ইতি ঋতু বিশেষে জলের যোগ্যাযোগ্যতা।

বৃদ্ধ সুশ্রুত মতে মাসিক জলও ঐরূপ জানিবেন। তবে পৌষ মাসে সরোবরের জল। মাঘে তড়াগের জল। ফাল্গুণে কুপের। চৈত্রে চৌড্যের। বৈশাখে নির্ঝরের। জৈষ্ঠ্যে ঔদ্ভিদের। আষাঢ়ে কূপের। শ্রাবণে দিব্য। ভাদ্রে কূপের। আশ্বিনে চৌড্যের। কার্ত্তিক ও অগ্রয়হাণে সমস্ত জল হিতকারী—। নদী। সর। পুষ্করিণী। কুপ। নির্ঝর আদির জল দেশ ভেদে গুণ ও দোষ জানিবেন।

জল পূরণের সময়। বহুধা ভৌম জল প্রাতঃকালে ভরা উচিত, কারণ তখন শীতল ও নির্ম্মল থাকে এবং গুণ কারী হয়।

শীতল জলের বিধি। মূর্চ্ছা। পিত্তের উষ্ণতা। দাহ। বিষ। রক্ত। মদাত্যয়। ভ্রম। ক্লম। অন্নের বিষম বিদগ্ধতা। বমন ও পিত্ত ঊর্দ্ধগত হইলে শীতল জল দেওয়া উচিত।

শীতল জল পান নিষেধ, ঘর্ম্ম। পীনস। ছর্দ্দি। বাত। গলগ্রহ। আধ্মান। স্তিমিত। কোষ্ট বদ্ধ। নবীন জ্বর। হিক্কা ও স্নেহ পানে শীতল জল দেওয়া নিষেধ। অল্প জল পান। অরোচক। প্রতিশ্যায় অর্থাৎ পীনস রোগ। মন্দাগ্নি। শোথ। বৃদ্ধি। ক্ষয়। মুখপ্রসেক। জঠর রোগ। কুষ্ঠ। নেত্র রোগ। জ্বর। ব্রণ ও মধু মেহ এই সকল রোগে জল অল্প খাওয়া বিধি।

—:—

অধিক জল খাওয়ায় দোষ। অধিক জল বা জল না খাইলে অন্নের পরিপাক হয় না, তজ্জন্য মনুষ্যের উচিত জঠরাগ্নি উদ্দীপন হেতু অল্প ২ জল বারম্বার খাওয়া বিধি।

জলপানের আবশ্যকতা। জল যেমন সকল জীবের জীব। সম্পূর্ণ জগৎ জলময়ী। একালীন বা অধিক জলপান অথবা বন্ধ করা বুদ্ধিমানের উচিত নহে। কারণ অন্ন বিনা জীব জীবিত থাকিতে পারে কিন্তু পিপাসাতুর ব্যক্তি জল বিনা ক্ষণমাত্র বাঁচে না। কথিত আছে পিপাসা অত্যন্ত কঠিন ও আশু প্রাণ নাশক তজ্জন্য পিপাসা নিবারণ ও প্রাণ রক্ষার জন্য জল অবশ্য দেওয়া উচিত। পিপাসায় মানব অস্থির হয়। অস্থিরে প্রাণ বিনাশ হইয়া থাকে এই জন্য সকল অবস্থাতেই জল দেওয়া বিধি।

জলের উত্তমতা। যেমন গন্ধরহিত, অব্যক্তরস, অতি শীতল, পিপাসা নাশক, স্বচ্ছ, হালকা, হৃদয়েরহিত তেমন জল গুণদায়ক হয়।

মন্দ জল। পিচ্ছিল। ক্রিমি যুক্ত। সেওলা ও পান আদি মিশ্রিত — বিবর্ণ, স্বাদু, গাঢ় ও দুর্গন্ধ যুক্ত এরূপ জল গুণদায়ক নহে।

অতি নিন্দনীয় জল। যে জলে চন্দ্র সূর্য্যের কিরণ না পড়ে এরূপ পদ্মপত্র, পানা, কলমী শাকাদি আবৃত জল অপর অসময়ে বর্ষার জল এবং নূতন বর্ষার জল দোষ বর্দ্ধক এই হেতু ত্যাগ করিবেক। উক্ত জলে স্নান ও পান করিলে পিপাসা। আধ্মান। উদর রোগ। জ্বর। কাস। মন্দাগ্নি। অভিষ্যন্দী। গলগণ্ড আদি রোগ জন্মায়।

আবশ্যক মতে দুষ্ট জল শোধন। পঙ্কিল, দুর্গন্ধ ও দুষিত জল অগ্নি বা সূর্য্যকিরণে উত্তপ্ত করত স্বর্ণ, রৌপ্য, লৌহ, প্রস্তর, বালুকা বা মৃত্তিকা ইহাদের মধ্যে — কোন দ্রব্য উত্তপ্ত করত দুষিত জলে বার বার ডুবাইয়া কর্পূর, জৈত্রী, কেশর, পাটলা আদি সুগন্ধ দ্রব্য দিয়া মোটা কাপড়ে ছাঁকিয়া লইবে। অথবা বালুকা, অঙ্গার বা প্রস্তর যন্ত্রে শোধন করত পান বিধি।

ইতি শ্রীভুবন চন্দ্র বসাকের জলপান বিধির মুখবন্ধ।

জলপান বিধি।

—•:•:•—

প্রথম অধ্যায়।

নবজ্বরে।

শুঁঠ। মরিচ। ধনে। গুলঞ্চ। মুথা। প্রত্যেকে ৵০ দুই আনা হিসাবে জল ২ দুই সের অগ্ন্যুত্তাপে সিদ্ধ করত অর্দ্ধ সের থাকিতে নামাইয়া ছাঁকিয়া শীতল হইলে সেবনীয়।

বাত জ্বরে।

গুলঞ্চ অর্দ্ধ তোলা। শুঁঠ।০ চারি আনা। ক্ষুদ্র কণ্টকারী ৷৷০ অর্দ্ধ তোলা। বৃহৎ কণ্টকারী।০ চারি আনা। মুথা ১ এক তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল করিয়া সেবনীয়।

কফ জ্বরে।

গুলঞ্চ ৷৷০ অর্দ্ধ তোলা। বাকস ২ দুই তোলা। মুথা ১ এক তোলা। শুঁঠ ৷৷০ অর্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের ঈষদুষ্ণ সেবনীয়।

পিত্ত জ্বরে।

ক্ষেতপাপড়া ৷৷০ অর্দ্ধ তোলা। মুথা ১ এক তোলা।

সন্নিপাত জ্বরে ।

কটকী ।৶ ছয় আনা । বালা ।০ চারি আনা । গুলঞ্চ দুই তোলা । মুনক্কা ॥০ অৰ্দ্ধ তোলা । জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল করিয়া সেবনীয় ।

বায়ু পিত্ত জ্বরে ।

গুলঞ্চ ১ এক তোলা । ক্ষেতপাপড়া ৫ পাঁচ তোলা । মুথা ১ এক তোলা । শুঁঠ । রক্তচন্দন ও যষ্টিমধু প্রত্যেকে চারি আনা । পলতা ।৶০ ছয় আনা । জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল করিয়া সেবনীয় ।

বাত শ্লেষ্মা জ্বরে ।

গুলঞ্চ ও ক্ষেতপাপড়া প্রত্যেকে ১ এক তোলা । নাগর মুথা ও ধনে প্রত্যেকে অৰ্দ্ধ তোলা । শুঁঠ, পিপুল ও জীরা প্রত্যেকে ।০ চারি আনা । জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল করিয়া সেবনীয় ।

পিত্ত শ্লেষ্মা জ্বরে ।

গুলঞ্চ ১ এক তোলা । রক্তচন্দন, বালা, নাগর মুথা, ধনে প্রত্যেকে ২ দুই তোলা । শ্বেতচন্দন ১ এক তোলা । জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল করিয়া সেবনীয় ।

সন্নিপাত জ্বরে ।

চিরতা ১ এক তোলা । পিপুল মূল । কটকী । মরিচ । যোয়ান । চই । পিপুল । অশ্বগন্ধা ও জায়ফল প্রত্যেকে ।০

চারি আনা। বচ ও রাস্না প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। নাগর-মুথা ১ তোলা। জল ./৩ তিন সের শেষ ১॥০ দেড় সের।

উপসর্গ সংযুক্ত সন্নিপাত জ্বরে।

কট্‌ফল। পিপুল। শুঁঠ। চিরতা। মরিচ। পিপুলমুল। বচ। দেবদারু। সজিনা মূল। চিতা। দ্রাক্ষা। নিমের ছাল। কটকী। শালিপর্ণী। গোক্ষুর। সোঁদাল। দারুহরিদ্রা। যবাসা প্রত্যেকে।০ চারি আনা। ইন্দ্রযব। বিড়ঙ্গ। অশ্বগন্ধা। পলতা। দারচিনি। রক্তচন্দন। বালা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। ভারঙ্গী। কাকড়াশৃঙ্গী। রাস্না। অতসী। জায়ফল। কণ্টকারী। চই প্রত্যেকে ৵০ দুই আনা। জোয়ান। হরিদ্রা প্রত্যেকে।৵০ ছয় আনা। গুলঞ্চ। হরীতকী। ক্ষেতপাপড়া। নাগরমুথা প্রত্যেকে ১ এক তোলা জল /৭ সাত সের শেষ /১৴০ সাত পোয়া মুহুর্মুহু পিপাসায় সেবনীয়।

প্রলাপ, মূর্চ্ছা, ঘর্ম্ম, ভ্রম, দাহ ও তৃষ্ণা-যুক্ত পিত্ত জ্বরে।

দ্রাক্ষা, হরীতকী, সোঁদাল ও কটকী প্রত্যেকে ১ এক তোলা। ক্ষেতপাপড়া ও মুথা প্রত্যেকে ২ দুই তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

দাহ, পিপাসা, অগ্নিমান্দ্য ও বমন
সংযুক্ত কফ পিত্ত জ্বরে।

রক্তচন্দন। পদ্মকাষ্ঠ। ধনে। গুলঞ্চ। নিম প্রত্যেকে ১ এক তোলা জল /৪ চারি সের শেষ /১॥০ দেড় সের শীতল করিয়া সেবনীয়।

শ্বাস কাস সংযুক্ত কফ জ্বরে।

পিপুল ॥০ অর্দ্ধ তোলা। গুলঞ্চ ও কায়ফল ।০ চারি আনা। কুড় ।৶০ ছয় আনা। মেষশৃঙ্গী ॥০ অর্দ্ধ তোলা। শুঁঠ ।/০ পাঁচ আনা। দেবদারু, নাগরমুথা ও পুষ্করমূল প্রত্যেকে ৵০ দুই আনা। জল /১ এক সের শেষ /৸০ তিন পোয়া শীতল করিয়া সেবনীয়।

গর্ভিণী জ্বরে।

রক্তচন্দন। খস। বালা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। দ্রাক্ষা। ধনে প্রত্যেকে ১ এক তোলা। যষ্টিমধু ।০ চারি আনা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

প্রসূতিকা জ্বরে।

জীরা। মৌরী। ধনে প্রত্যেকে ১ এক তোলা। জোয়ান। বেলশুঁঠ। কণ্টকারীদ্বয় প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। পিপুল ।/০ পাঁচ আনা। মুথা ।০ চার আনা। জল /৩ তিন সের শেষ /১॥০ দেড় সের শীতল হইলে সেবনীয়।

বাল জ্বরে।

নাগরমুথা ॥৹ অৰ্দ্ধ তোলা। ধনে ।৶৹ ছয় আনা। যষ্টিমধু। বালা প্রত্যেকে ।৹ চার আনা। পলতা ॥৹ অৰ্দ্ধ তোলা, জল /১।৹ পাঁচ পোয়া, শেষ /॥৹ অৰ্দ্ধ সের শীতল হইলে সেবনীয়।

শিরঃ ও পার্শ্ব শূল, শ্বাস কাস সংযুক্ত পুরাতন জ্বরে।

গোক্ষুর ॥৹ অৰ্দ্ধ তোলা। মুথা ২ দুই তোলা। শালপর্ণী। বৃহৎ কণ্টকারী। অশ্বগন্ধা প্রত্যেকে ।৹ চারি আনা। ক্ষুদ্র কণ্টকারী ।৶৹ ছয় আনা। গুলঞ্চ ১ এক তোলা। ক্ষেতপাপড়া ॥৹ অৰ্দ্ধ তোলা। জল /৩ তিন সের শেষ /১॥৹ দেড় সের শীতল হইলে সেবনীয়।

শ্বাস, কাস অরুচি, পাণ্ডু, অগ্নিমান্দ্য ইত্যাদি সংযুক্ত পুরাতন জ্বরে।

ক্ষেতপাপড়া। গুলঞ্চ প্রত্যেকে ১ এক তোলা। যব। ধনে। পিপুল। যষ্টিমধু। কণ্টকারী প্রত্যেকে ।৹ চারি আনা। পলতা। মুথা প্রত্যেকে ॥৹ অৰ্দ্ধ তোলা। জল /৪ চার সের শেষ /১।৹ পাঁচ পোয়া শীতল হইলে সেবনীয়।

বিষম ও জীর্ণ জ্বরে।

ক্ষেতপাপড়া। গুলঞ্চ। পলতা। মুথা প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ। দেবদারু প্রত্যেকে ॥৹ অৰ্দ্ধ তোলা।

কটকী ।০ চারি আনা জল /৩ তিন সের শেষ /৷৷০ দেড় সের শীতল হইলে সেবনীয়।

পালা জ্বরে।

দ্রাক্ষা। দেবদারু। বাকস প্রত্যেকে ৷৷০ অর্দ্ধ তোলা। শুঁঠ। পিপুল। পলতা প্রত্যেকে ।০ চারি আনা। ধনে ।৵০ ছয় আনা। শ্বেতচন্দন। খস। মুথা প্রত্যেকে ১ এক তোলা। জল /৩ তিন সের শেষ /১।০ পাঁচ পোয়া শীতল হইলে সেবনীয়।

শীত জ্বরে।

বাকস। গুলঞ্চ। শুঁঠ প্রত্যেকে ১ এক তোলা। জোয়ান ৷৷০ অর্দ্ধ তোলা। কণ্টকারী। পিপুল প্রত্যেকে ।০ চারি আনা। জল /২ দুই সের, শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বিষম জ্বরে।

গুলঞ্চ। মুথা প্রত্যেকে ১ এক তোলা। কণ্টকারী। ধাইফুল। প্রত্যেকে ।০ চারি আনা। জীরা। যষ্টিমধু প্রত্যেকে ৷৷০ আট আনা। কটকী ।৵০ ছয় আনা। জল /২ দুই সের শেষ /১ এক সের ঈষদুষ্ণ সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের জ্বর রোগের জলপান বিধির প্রথম অধ্যায় ৷৷ ১ ৷৷

জলপান বিধি।

দ্বিতীয় অধ্যায়।

জ্বরাতিসারে।

গুলঞ্চ। মুথা। বেলশুঁঠ প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ।০ চারি আনা। অতসী ॥০ অর্দ্ধ তোলা। জল /৩ তিন সের শেষ /১॥০ দেড় সের শীতল হইলে সেবনীয়।

—০:•:০—

বমন, শ্বাস, কাস ও শূল যুক্ত জ্বরাতিসারে।

গুলঞ্চ। বেলশুঁঠ। মুথা। বালা। খস প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ। গোক্ষুর। কণ্টকারী প্রত্যেকে॥০ অর্দ্ধ তোলা। শালপানি। চাকুলে প্রত্যেকে।০ চারি আনা। জল /৩ তিন সের শেষ /১।০ পাঁচ পোয়া শীতল হইলে সেবনীয়।

অতিসারে।

রক্তচন্দন। বেলশুঁঠ। খস। মুথা প্রত্যেকে ১ এক তোলা। বালা।০ চারি আনা। জল দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

হিক্কা, পিপাসা, বমন, দাহ ও অরুচি সংযুক্তসর্ব্বাতিসারে।

রক্তচন্দন। বেলশুঁঠ। পদ্ম। প্রত্যেকে অর্দ্ধ তোলা।

খস। ধনে। গুলঞ্চ। মুথা প্রত্যেকে ১ এক তোলা। বালা। অতসী প্রত্যেকে।০ চারি আনা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বাতাতিসারে।

মুথা। বেলশুঁঠ। অতসী প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ। ধাইফুল প্রত্যেকে ॥০ অৰ্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

পিত্তাতিসারে।

শুঁঠ। জোয়ান। মুথা প্রত্যেকে ১ এক তোলা। বালা। ধাইফুল প্রত্যেকে ॥০ অৰ্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

রক্তাতিসারে।

রক্তচন্দন। মুথা। শ্বেতচন্দন প্রত্যেকে ১ এক তোলা। ধাইফুল। বালা প্রত্যেকে ॥০ অৰ্দ্ধ তোলা। জল /৩ তিন সের শেষ /১।০ পাঁচ পোয়া শীতল হইলে সেবনীয়।

শ্লেষ্মাতিসারে।

তেজপাতা। বেলশুঁঠ প্রত্যেকে ১ এক তোলা। চই। কটকী। পিপুল। মরিচ। শুঁঠ প্রত্যেকে ॥০ অৰ্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের ঈষদুষ্ণ সেবনীয়।

সন্নিপাতাতিসারে।

পিপুল ।০ চারি আনা। বেলশুঁঠ ২ দুই তোলা। চই ৵০ দুই আনা। মুথা। শ্বেতচন্দন। রক্তচন্দন প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। ভাজা হিঙ্‌ কিঞ্চিৎ, জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

গ্রহণী রোগে।

মুথা। বেলশুঁঠ। খস প্রত্যেকে ১ এক তোলা। বালা। ধনে। জোয়ান প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। জল /২॥০ আড়াই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বাত সংগ্রহণী রোগে।

শুঁঠ। পিপুল। ভাজাজীরা। জোয়ান প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। অতসী ।০ চারি আনা। গুলঞ্চ। নাগরমুথা প্রত্যেকে ১ এক তোলা। জল /৩ তিন সের শেষ /১।০ পাঁচ পোয়া শীতল হইলে সেবনীয়।

পিত্ত সংগ্রহণী রোগে।

তেজপাতা। শ্বেতচন্দন। জীরা প্রত্যেকে ১ এক তোলা। অতসী। দারচিনি প্রত্যেকে ।০ চারি আনা। ধাইফুল ॥০ অর্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের কিঞ্চিৎ কর্পূর দিয়া শীতল হইলে সেবনীয়।

কফ সংগ্রহণী রোগে।

পিপুল। দারচিনি প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। শুঁঠ। মুথা। জোয়ান প্রত্যেকে ১ এক তোলা। মরিচ। বালা। প্রত্যেকে।০ চারি আনা। জল /৩ তিন সের শেষ/১। পাঁচ পোয়া ঈষদুষ্ণ সেবনীয়।

সন্নিপাত সংগ্রহণী রোগে।

বালা। দাড়িমের বীজ। পিপুল প্রত্যেকে।০ চারি আনা। বেলশুঁঠ। জীরা। ধনে। শুঁঠ। মরিচ প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। নাগরমুথা ১ এক তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

অর্শ রোগে।

শুঁঠ। পিপুল। জোয়ান। অম্লবেত প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। মরিচ। বচ প্রত্যেকে।০ চারি আনা। মুথা ১ এক তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের কিঞ্চিৎ ঘৃতে ভাজা হিঙ্ দিয়া শীতল হইলে সেবনীয়।

রুধিরার্শে।

হরিদ্রা। মুথা প্রত্যেকে ১ এক তোলা। যষ্টিমধু। নাগকেশর। আমলকী। শুঁঠ প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। জল /২॥০ আড়াই সের শেষ /১ এক সের কিঞ্চিৎ মধু দিয়া শীতল হইলে সেবনীয়।

কফার্শে।

আদা। আমলকী। কণ্টকারীমূল প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। হরিদ্রা। বেলমূল প্রত্যেকে ১ এক তোলা। গোক্ষুর মূল ।০ চারি আনা। জল /৩ তিন সের শেষ /১॥০ দেড় সের ঈষদুষ্ণ সেবনীয়।

সন্নিপাতার্শে।

তেজপাতা। শুঁঠ। জীরা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। পিপুল। এলাচ। বেলশুঁঠ। মৌরী। জোয়ান। মরিচ প্রত্যেকে।০ চারি আনা। দারচিনি ৵০ দুই আনা। জল /৩ তিন সের শেষ /১।০ পাঁচ পোয়া কিঞ্চিৎ ভাজা হিঙ্গু দিয়া শীতল হইলে সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের জ্বরাতিসার, অতিসার, গ্রহণী ও অর্শ রোগের জলপান বিধির দ্বিতীয় অধ্যায় ॥ ২ ॥

জলপান বিধি।

তৃতীয় অধ্যায়।

—০:*:০—

অজীর্ণ রোগে।

মুথা ১ এক তোলা। সাদাজীরা। কালজীরা। জোয়ান, প্রত্যেকে ॥০ অৰ্দ্ধ তোলা। শুঁঠ। পিপুল। মরিচ। দারচিনি। শুষ্ক লেবু প্রত্যেকে।০ চারি আনা। সৈন্ধব লবণ কিঞ্চিৎ। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

পাণ্ডু কামলা ও হলীমক রোগে।

হরিদ্রা। মুথা প্রত্যেকে ১ এক তোলা। মরিচ। শুঁঠ। পিপুল। বিড়ঙ্গ। সৈন্ধবলবণ প্রত্যেকে ৵০ দুই আনা। অশ্বগন্ধা। জোয়ান। জীরা। হরীতকী প্রত্যেকে।০ চারি আনা। গুলঞ্চ ॥০ অৰ্দ্ধ তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের ঈষদুষ্ণ সেবনীয়।

ক্রিমি রোগে।

ক্ষেতপাপড়া। নাগরমুথা প্রত্যেকে ১ এক তোলা। বিড়ঙ্গ। মিশ্রী। দেবদারু প্রত্যেকে ॥০ অৰ্দ্ধ তোলা। পিপুল। শুঁঠ। বচ প্রত্যেকে ৵০ দুই আনা। জল /৩ তিন সের শেষ /১।০ পাঁচ পোয়া শীতল করিয়া সেবনীয়।

বিসূচিকা রোগে।

জীরা। শুলঞ্চ। বড়এলাচ। বিড়ঙ্গ। বচ ও শ্বেতচন্দন প্রত্যেকে ।॰ চারি আনা। শুঁঠ। মরিচ। পিপুল। বেল-শুঁঠ। শুষ্ক লেবু। লবঙ্গ। বেলের বীজ প্রত্যেকে ৵॰ দুই আনা। মুথা ১ এক তোলা। সৈন্ধব লবণ কিঞ্চিৎ। জল /৫ পাঁচ সের শেষ /৩ তিন সের শীতল করিয়া সেবনীয়।

অলস বিলম্বিকা রোগে।

হরিদ্রা ১ এক তোলা। দারুহরিদ্রা। মৌরী প্রত্যেকে ৷॰ অর্দ্ধ তোলা। মুথা দুই তোলা জল /৪৷॰ সাড়ে চার সের শেষ /২ দুই সের শীতল করিয়া সেবনীয়।

রক্তপিত্ত রোগে।

দ্রাক্ষা। যষ্টিমধু ও ছোয়ারা প্রত্যেকে ।॰ চারি আনা। নাগরমুথা। শুলঞ্চ। খস প্রত্যেকে ১ এক তোলা। বাকস। দুর্ব্বা। ধনে। ক্ষেতপাপড়া। রক্তচন্দন প্রত্যেকে অর্দ্ধ তোলা জল /৫ পাঁচ সের শেষ /১৷॰ দেড় সের শীতল হইলে ২ দুই তোলা মধু মিশাইয়া সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের অজীর্ণ, পাণ্ডু, কামলা হলীমক, ক্রিমি, বিসূচিকা, অলস বিলম্বিকা ও রক্তপিত্ত রোগের জলপান বিধির তৃতীয় অধ্যায়।

জলপান বিধি।

চতুর্থ অধ্যায়।

যক্ষ্মা রোগে।

পিপুল। এলাচ। দ্রাক্ষা। রক্তচন্দন। খস ও বিড়ঙ্গ প্রত্যেকে।০ চারি আনা। তেজপাতা। মিশ্রী ও গুলঞ্চ প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। মরিচ। লবঙ্গ। শুঁঠ। জোয়ান ও তিল প্রত্যেকে ৵০ দুই আনা। বাকস ও হরিদ্রা প্রত্যেকে ১ এক তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের প্রক্ষেপ ১ দুই তোলা মধু শীতল হইলে সেবনীয়।

কাস রোগে।

লবঙ্গ। মরিচ। পিপুল ও দারচিনি প্রত্যেকে ৵০ দুই আনা। শুঁঠ। জীরা ও তেজপাতা প্রত্যেকে।০ চারি আনা। নাগরমুথা ও গুলঞ্চ প্রত্যেকে ১ এক তোলা, বাকস পাতা ২ দুই তোলা। জল /৪ চার সের শেস /২ দুই সের প্রক্ষেপ মধু ২ দুই তোলা, শীতল হইলে সেবনীয়।

শ্বাস রোগে।

নাগরমুথা। হরিদ্রা। তেজপাতা। গুলঞ্চ। দ্রাক্ষা প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ ॥০ অর্দ্ধ তোলা। পিপুল। মরিচ ও গোক্ষুর মুল প্রত্যেকে।০ চারি আনা। কণ্ট-

কারী মূল ৵০ দুই আনা। জল /৫ পাঁচ সের শেষ /৩ তিন সের প্রক্ষেপ মধু ২ দুই তোলা ঈষদুষ্ণ বা শীতল হইলে সেবনীয়।

হিক্কা রোগে।

শুঁঠ। ক্ষেতপাপড়া। যষ্টিমধু ও মিশ্রী প্রত্যেকে ||০ অৰ্দ্ধ তোলা। এলাচ ও দারচিনি প্রত্যেকে।০ চারি আনা। পিপুল ৵০ দুই আনা। কেশর /০ এক আনা। হরিদ্রা ১ এক তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

স্বরভেদ রোগে।

বচ। জায়ফল। দারচিনি। চই ও কণ্টকারী প্রত্যেকে।০ চারি আনা। তেজপাতা ও মিশ্রী প্রত্যেকে ||০ অৰ্দ্ধ তোলা। বাকস পাতা ১ এক তোলা জল /৫ পাঁচ সের শেষ /২ দুই সের প্রক্ষেপ মধু ২ দুই তোলা ঈষদুষ্ণ সেবনীয়।

ইতি শ্রীভুবচন্দ্র বসাকের যক্ষ্মা, কাস, শ্বাস, হিক্কা ও স্বরভেদ রোগের জলপান বিধির চতুর্থ অধ্যায়। ৪।

জলপান বিধি।

পঞ্চম অধ্যায়।

অরোচকে।

খস ১ এক তোলা। তেজপাতা। দারচিনি। অশ্বগন্ধা ও আদা প্রত্যেকে ।০ চারি আনা। কালজীরা। সাদাজীরা ও এলাচ প্রত্যেকে ৵০ দুই আনা। সৈন্ধব লবণ /০ এক আনা। ঘৃতে ভাজা হিঙ্ কিঞ্চিৎ। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

ছর্দ্দি রোগে।

ধনে ও গুলঞ্চ প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ। রক্ত-চন্দন। পলতা। ক্ষেতপাপড়া। নাগরমুথা। বহেড়া ও জামপাতা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। আকন্দ পাতা ।০ চারি আনা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের ঈষদুষ্ণ সেবনীয়।

পিত্ত জনিত তৃষ্ণা রোগে।

স্বর্ণ ও রৌপ্য গরম জলে চুবাইয়া সেই জল সেবনীয়।

অথবা।

৫ পাঁচ তোলা ধনে ও ৫ পাঁচ তোলা মিশ্রী /১॥০ দেড় সের জলে পূর্ব্ব দিন সন্ধ্যার সময়ে ভিজাইয়া পরদিন সেবনীয়।

কফ জনিত তৃষ্ণা রোগে।

জীরা। শুঁঠ। দারচিনি ও পিপুল প্রত্যেকে ‖৹ অর্দ্ধ তোলা। বাকস পাতা ২ দুই তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

কার্শ্য জনিত তৃষ্ণা রোগে।

বটের অঙ্কুর। যষ্টিমধু। কমল মূল ও বাবলার গঁদ প্রত্যেকে ‖৹ অর্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

আম জনিত তৃষ্ণা রোগে।

বচ ১ তোলা। বেলশুঁঠ ২ দুই তোলা জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

মূর্চ্ছা রোগে।

পিপুল ‖৹ অর্দ্ধ তোলা। খস ও নাগ কেশর প্রত্যেকে ১ এক তোলা। জল /৪ চারি সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

—০:✱:০—

ভ্রম রোগে।

যবাসা ২ দুই তোলা। দুরালভা ও শতমূলী প্রত্যেকে ১ এক তোলা। চিনি ৵৹ দুই আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

নিদ্রা নাশে।

সজিনা বীজ। শ্বেত সর্ষপ। শুঁঠ। বটকী ও গজ-পিপ্পলী — প্রত্যেকে ।০ চারি আনা। সৈন্ধব লবণ ও চিরতা প্রত্যেকে ৵০ দুই আনা। জল /৪ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

নিদ্রা হওনে।

সিদ্ধি পাতা ও শশাবীজ প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা : মৌরী ।০ চারি আনা। সুশনি শাক ১ এক তোলা। চিনি ৵০ দুই আনা। /২ দুই সের জলে ভিজাইয়া সেবনীয়।

সংন্যাসে।

মউয়া। বচ। শুঁঠ। বৃহতী ও কণ্টকারী প্রত্যেকে ।০ চারি আনা। সৈন্ধব লবণ। পিপুল ও মরিচ প্রত্যেকে ৵০ দুই আনা। টাবালেবু ॥০ অর্দ্ধ তোলা জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বাত জনিত মদাত্যয় রোগে।

জীরা। জোয়ান। দ্রাক্ষা। ছোয়ারা ও মিশ্রী প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। শুঁঠ ১ এক তোলা। মরিচ ।০ চার আনা জল /৪ চার সের শেষ /২ দুই সের কিঞ্চিৎ ঘৃতে ভাজা হিঙ্গু দিয়া সেবনীয়।

পিত্ত জনিত মদাত্যয় রোগে।

/২ দুই সের জল ২ দুই তোলা মিশ্রী ও ১ এক তোলা মধু একত্রে ভিজাইয়া সেই জল পান করিবেন।

কফ জনিত মদাত্যয় রোগে।

চন্দন। খস। গব ও জীরা প্রত্যেকে ।০ চারি আনা। তেজপাত ও মরিচ প্রত্যেকে ৶০ দুই আনা। মিশ্রী ১ এক তোলা। জল /৩ তিন সের শেষ /১৷০ দেড় সের শীতল হইলে সেবনীয়।

সান্নিপাতিক মদাত্যয় রোগে।

/।০ এক পোয়া আমলকী /৪ চার সের জল শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

পরমদ রোগে।

মুথা ও খস প্রত্যেকে ১ এক তোলা। জীরা। পিপুল ও তেজপাত প্রত্যেকে ।০ চারি আনা শুঁঠ ও দ্রাক্ষা প্রত্যেকে ৷৷০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

পানবিভ্রম রোগে।

গুলঞ্চ। শুঁঠ ও দ্রাক্ষা প্রত্যেকে ৷৷০ অর্দ্ধ তোলা। জীরা। মৌয়া। পিপুল ও মরিচ প্রত্যেকে ।০ চারি আনা। মিশ্রী ।৶০ ছয় আনা। জল /৫ পাঁচ সের শেষ /২ দুই

সের শীতল হইলে সেবনীয়।

দাহ রোগে।

শ্বেতচন্দন ও যব প্রত্যেকে ১ এক তোলা। বালা ।০ চারি আনা। ধনে। পলতা ও মৌরী প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। মধু ২ দুই তোলা শেষ। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

উন্মাদ রোগে।

তিল। জীরা। জোয়ান ও কালজীরা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। ধনে ও তেজপাত প্রত্যেকে ১ এক তোলা। এলাচ ও বিড়ঙ্গ প্রত্যেকে ।০ চারি আনা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

অপস্মার রোগে।

তিল ও ধনে প্রত্যেকে ১ এক তোলা। যষ্টিমধু ও বচ প্রত্যেকে ।০ চারি আনা। জীরা। বিড়ঙ্গ ও কালজীরা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। মধু ২ দুই তোলা শেষ। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের অরোচক, ছর্দ্দি,
তৃষ্ণা, মূর্চ্ছা, ভ্রম, নিদ্রা, সংন্যাস, মদা-
ত্যয়, পরমদ, পানবিভ্রম, দাহ, উন্মাদ,
ও অপস্মার রোগের জলপান বিধির
পঞ্চম অধ্যায় ॥ ৫ ॥

জলপান বিধি।

ষষ্ঠ অধ্যায়।

বাতব্যাধি।

মরিচ। অশ্বগন্ধা। আমলকী। শ্বেতজীরা ও মৌরী প্রত্যেকে ।০ চার আনা। তেজপাত। জোয়ান প্রত্যেকে ।।০ অৰ্দ্ধ তোলা। মুথা ও ধনে প্রত্যেকে ১ এক তোলা। এলাচ ও পিপুল প্রত্যেকে ৵০ দুই আনা। জল পাঁচ ৫ সের শেষ /২।।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

শিরোগ্রহ রোগে।

বিল্বমূল। সোনা মূল। গোক্ষুর মূল। শুঁঠ। মরিচ প্রত্যেকে ।০ চারি আনা। পিপুল ।৵০ ছায় আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল করিয়া সেবনীয়।

জৃম্ভা রোগে।

শুঁঠ। পিপুল ও মরিচ প্রত্যেকে ।০ চারি আনা। জোয়ান ।৵০ ছয় আনা। সৈন্ধব লবণ ৵০ দুই আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের ঈষদুষ্ণ সেবনীয়।

হনুগ্রহ রোগে।

মৌরী ।৵০ ছয় আনা। দেবদারু ও রক্তচন্দন

প্রত্যেকে ।৹ অর্দ্ধ তোলা। বচ। মৌয়া ও শুঁঠ প্রত্যেকে ।৹ চারি আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

জিহ্বাস্তম্ভ রোগে।

দ্রাক্ষা ও মিস্রী প্রত্যেকে ১ এক তোলা। আমলকী ।৹ অর্দ্ধ তোলা। লবণ ৶৹ দুই আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

বাক্‌রোধ রোগে।

হরিদ্রা ১ এক তোলা। শুঁঠ। যষ্টিমধু ও পিপুল প্রত্যেকে ।৹ চার আনা। জীরা ও জোয়ান প্রত্যেকে ।৹ অর্দ্ধ তোলা। বচ ৶৹ দুই আনা। জল /৩ তিন সের শেষ /১।৹ দেড় সের শীতল হইলে সেবনীয়।

বাচাল বা প্রলাপে।

নাগরমুথা ১ এক তোলা। অশ্বগন্ধা ও ক্ষেতপাপড়া প্রত্যেকে ॥৹ অর্দ্ধ তোলা। দ্রাক্ষা ।৹ চারি আনা। কটকী ৶৹ দুই আনা। জল /৫ পাঁচ সের শেষ /২।৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

রসাজ্ঞান রোগে।

কালজীরা ও অম্লবেত প্রত্যেকে ।৹ অর্দ্ধ তোলা।

পিপুল। পিপুল মূল। শুঁঠ ও মরিচ প্রত্যেকে ।৹ চারি আনা। চূক ৵৹ দুই আনা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ত্বক্ শূন্য রোগে।

ধামাসা ৫ পাঁচ তোলা। লবণ ৵৹ দুই আনা জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের।

অর্দ্দিত রোগে।

পিপুল। পিপুল মূল প্রত্যেকে ।৹ চারি আনা। বেল মূল ।৵৹ ছয় আনা। বৃহতী মূল। কণ্টকারী মূল ও গোক্ষুর মূল প্রত্যেকে অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২ দুই সের গরম ২ সেবনীয়।

মন্যাস্তম্ভ রোগে।

কুশ। কাশ। নল। উলু ও দুর্ব্বা প্রত্যেকে ১ এক তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

বাহুশোষ রোগে।

ক্ষেতপাপড়া ও পিপুল প্রত্যেকে ।৹ চারি আনা। তেজপাত ও বিড়ঙ্গ প্রত্যেকে ॥৹ অর্দ্ধ তোলা। শ্বেতচন্দন ১ এক তোলা। মধু ২ দুই তোলা শেষ। জল /৫ পাঁচ সের শেষ /৩ তিন সের শীতল হইলে সেবনীয়।

অপবাহুক রোগে।

যব ১ এক তোলা। গোক্ষুর ও কণ্টকারী প্রত্যেকে ।। অর্দ্ধ তোলা। মাষকলায় ২ দুই তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।। আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বিশ্বাচী রোগে।

মাষকলায় ৪ চার তোলা। রাস্না ১ এক তোলা। বচ ।০ চার আনা। শুঁঠ ।। আট আনা। সৈন্ধব লবণ ৵০ দুই আনা। ঘৃতে ভাজা হিঙ্ কিঞ্চিৎ। জল /৫ পাঁচ সের শেষ /২।। আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ঊর্দ্ধ বাত রোগে।

অশ্বগন্ধা ৪ চার তোলা। শুঁঠ ।। অর্দ্ধ তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

আধ্মান প্রত্যাধ্মান রোগে।

নাগরমুথা ২ দুই তোলা। কটকী। মরিচ ও পিপুল প্রত্যেকে ।০ চারি আনা। মৌরী অর্দ্ধ তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

বাতষ্ঠীলা ও প্রত্যষ্ঠীলা রোগে।

ধনে অর্দ্ধ তোলা। জীরা। পিপুল। পুষ্কর মূল ও দাড়িমের বীজ প্রত্যেকে ।০ চারি আনা। সৈন্ধব লবণ

৵৹ দুই আনা জল /৫ পাঁচ সের শেষ /২॥৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

তূণী ও প্রতূণী রোগে।

শুঁঠ ১ এক তোলা। পিপুল ॥৹ অর্দ্ধ তোলা। মরিচ ।৹ চারি আনা। সৈন্ধব লবণ ৵৹ দুই আনা। জল /৫ পাঁচ সের শেষ /২॥৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ত্রিক্ শূল রোগে।

অশ্বগন্ধা ১ এক তোলা। ঝাউ বৃক্ষের মূল। মৌরী ও গোক্ষুর প্রত্যেকে ।৹ চারি আনা। শতাবরী ও জোয়ান প্রত্যেকে ॥৹ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

মূত্রবদ্ধ রোগে।

শঁশার বীজ ও কুটার বীজ প্রত্যেকে অর্দ্ধ তোলা। ছাঁচি কুমড়ার বীজ ও মিশ্রী প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

গৃধ্রসী রোগে।

রাস্না। গোক্ষুর ও শুঁঠ প্রত্যেকে ।৹ চারি আনা। গুলঞ্চ ও দেবদারু প্রত্যেকে ১ এক তোলা। বাকস ২ দুই তোলা। বিট লবণ ৵৹ দুই আনা। জল /৫ পাঁচ সের

শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

—•:•:•—

পঙ্গু রোগে।

শটী। হরিদ্রা। জীরা। কৃষ্ণজীরা ও রাস্না প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। বেড়েলা ও পুনর্নবা প্রত্যেকে ।০ চার আনা। অশ্বগন্ধা ২ দুই তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

কলায়খঞ্জ রোগে।

অশ্বগন্ধা, শতমূলী প্রত্যেকে ১ এক তোলা। হরিদ্রা। যষ্টিমধু ও শুল্‌ফা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। কালজীরা ও গোক্ষুর প্রত্যেকে ।০ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

ক্রোষ্টশীর্ষ রোগে।

গুলঞ্চ। আমলকী ও বহেড়া প্রত্যেকে ২ দুই তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

খল্লী রোগে।

কুড় ।০ চার আনা। অশ্বগন্ধা ২ দুই তোলা। অম্লবেত ॥০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বাতপিত্ত আক্ষেপে।

অশ্বগন্ধা ও শতাবরী প্রত্যেকে ২ দুই তোলা। এলাচ ।০ চার আনা। তেজপাত ও মৌরী প্রত্যেকে ।• অর্দ্ধ তোলা। যব ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

অপতন্ত্র রোগে।

অম্লবেত। আমলকী ও বহেড়া প্রত্যেকে ২ দুই তোলা। বচ ।• অর্দ্ধ তোলা। জল /৩ তিন সের শেষ /১।• দেড় সের শীতল হইলে সেবনীয়।

অপতানক রোগে।

পারুল মূল ১ এক তোলা। সোনা মূল। গাম্ভারী মূল। বেল মূল। গোক্ষুর মূল ও চাকুলে মূল প্রত্যেকে ।• অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।• আড়াই সের শীতল হইলে সেবনীয়।

পক্ষাঘাত রোগে।

মাষকলায় ৪ চার তোলা। অশ্বগন্ধা ২ দুই তোলা। শুঁঠ। পিপুল। মরিচ ও রাস্না প্রত্যেকে ।০ চার আনা। শতাবরী ১ এক তোলা। মৌরী ৵• দুই আনা। জল /৫ পাঁচ সের শেষ /২।• আড়াই সের ঈষদুষ্ণ সেবনীয়।

উরুস্তম্ভ রোগে।

চই। হরীতকী ও বহেড়া প্রত্যেকে ।• চারি আনা; গিলে। দেবদারু ও শুষ্ক লেবু প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ ও আমলকী প্রত্যেকে ॥• অর্দ্ধ তোলা। মধু শেষ ৫ পাঁচ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥• আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের বাতব্যাধি ও
উরুস্তম্ভ রোগের জলপান বিধির
ষষ্ঠ অধ্যায় ॥ ৬ ॥

জলপান বিধি।

সপ্তম অধ্যায়।

আমবাত রোগে।

নাগরমুথা ও ধনে প্রত্যেকে ২ দুই তোলা। তেজ-পাত ১ এক তোলা। দারচিনি ও কটকী প্রত্যেকে ।০ চার আনা। মৌরী ও বিড়ঙ্গ প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বাতরক্ত রোগে।

হরিদ্রা। খস্ ও এলাচ প্রত্যেকে ১ এক তোলা। শতাবরী ও নাগরমুথা প্রত্যেকে ২ দুই তোলা। বালা ।০ চার আনা। বিড়ঙ্গ ॥০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

পিত্তব্যাধি রোগে।

পলতা ও ধনে প্রত্যেকে ২ দুই তোলা। যব। গুলঞ্চ ও মিশ্রী প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের। মধু ২ দুই তোলা শেষ। শীতল হইলে সেবনীয়।

কফব্যাধি রোগে।

বাকস ও অশ্বগন্ধা প্রত্যেকে ২ দুই তোলা। গুলঞ্চ। শুঁঠ ও এলাচ প্রত্যেকে ‖৹ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২‖৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বাতশূল রোগে।

শুঁঠ ৪ চার তোলা। গুড় ২ দুই তোলা। জল /৩ তিন সের শেষ /১‖৹ দেড় সের শীতল হইলে সেবনীয়।

কফ শূল রোগে।

জোয়ান ও বিড়ঙ্গ প্রত্যেকে ‖৹ অর্দ্ধ তোলা। পিপুল ও ধনে।৹ চার আনা। মধু শেষ প্রত্যেকে ২ দুই তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২‖৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

পরিণাম শূল রোগে।

শুঁঠ ও গুড় প্রত্যেকে ১ এক তোলা। জীরা ও জোয়ান প্রত্যেকে ‖৹ অর্দ্ধ তোলা। পিপুল।৹ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ /২‖৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

উদাবর্ত্ত রোগে।

দ্রাক্ষা ও মুথা প্রত্যেকে ১ এক তোলা। মিশ্রী ২ দুই তোলা। মরিচ ও গোক্ষুর মূল প্রত্যেকে ।৹ চার আনা।

শটী মূল ॥• অৰ্দ্ধ তোলা । জল /৫ পাঁচ সের শেষ /২॥• আড়াই সের শীতল হইলে সেবনীয় ।

আনাহ রোগে ।

শুঁঠ ২ দুই তোলা । পিপুল ১ এক তোলা । ধমাসা ॥• অৰ্দ্ধ তোলা । নাগরমুথা ৪ চার তোলা । জল /৫ পাঁচ সের শেষ /২॥• আড়াই সের শীতল হইলে সেবনীয় ।

গুল্ম রোগে ।

জীরা । অম্লবেত ও তেজপাত প্রত্যেকে ১ এক তোলা । ধনে ২ দুই তোলা । জোয়ান ও বিড়ঙ্গ প্রত্যেকে ॥• অৰ্দ্ধ তোলা । আদা ।• চার আনা । জল /৫ পাঁচ সের শেষ /২॥• আড়াই সের শীতল হইলে সেবনীয় ।

যোনি শূল রোগে ।

বাকস ও গুড় প্রত্যেকে ২ দুই তোলা । মৌরী ও তেজপাত প্রত্যেকে ॥• অৰ্দ্ধ তোলা । দারচিনি ।• চার আনা । জোয়ান ও বচ প্রত্যেকে ১ এক তোলা । জল /৪ চার সের শেষ /২ দুই সের মধু ২ দুই তোলা দিয়া শীতল হইলে সেবনীয় ।

প্লীহা রোগে ।

শুঁঠ । জোয়ান ও সাদাজীরা প্রত্যেকে ১ এক তোলা । পিপুল । মরিচ ও সৈন্ধব লবণ প্রত্যেকে ।• চার আনা ।

কালজীরা ॥০ অৰ্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

—∞—

হৃদ্রোগে।

বেল মূল ও গোক্ষুর মূল প্রত্যেকে ॥০ অৰ্দ্ধ তোলা। অশ্বগন্ধা ২ দুই তোলা। রাস্না। বচ। পিপুল ও শুঁঠ প্রত্যেকে।০ চার আনা। কাল লবণ ৵০ দুই আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের আমবাত, পিত্ত-
ব্যাধি, বাতরক্ত, শূল, আনাহ, উদা-
বর্ত্ত, গুল্ম, প্লীহা ও হৃদ্রোগের
জলপান বিধির সপ্তম অধ্যায় ॥ ৭ ॥

জলপান বিধি।

অষ্টম অধ্যায়।

—০:*:০—

মূত্রকৃচ্ছ্র রোগে।

দ্রাক্ষা ও অশ্বগন্ধা প্রত্যেকে ২ দুই তোলা। পাষাণ-ভেদ ।০ চার আনা। মধু ৪ চার তোলা শেষ। জল /৫ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

আঘাত জনিত মূত্রকৃচ্ছ্র রোগে।

আমলকী ৪ চার তোলা। হরিদ্রা ও মধু শেষ প্রত্যেকে ২ দুই তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

মলরোধক মূত্রকৃচ্ছ্র রোগে।

গোক্ষুর ও দ্রাক্ষা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। মধু। অশ্বগন্ধা ও শুষ্ক লেবু প্রত্যেকে ১ এক তোলা। পাষাণ-ভেদ ।০ চারি আনা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

কষ্টে রুধির প্রস্রাবে।

মূর্ব্বার মূল। কাশ মূল। ইক্ষু মূল ও জীরা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। শর মূল। খস ও নাগরমুথা প্রত্যেকে

১ এক তোলা। উলু ।০ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

শুক্র রোধক মূত্রকৃচ্ছ্র রোগে।

বড় এলাচ ও গোক্ষুর প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। মধু ২ দুই তোলা। কুঁচের বীজ ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

মূত্রাঘাত রোগে।

ধনে। হরিদ্রা ও খস প্রত্যেকে ১ এক তোলা। এলাচ ও কুঁচের বীজ প্রত্যেকে ।০ চারি আনা। উলু। মধু। দ্রাক্ষা ও কেশে প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

উষ্ণমূত্র রোগে।

চামেলী বৃক্ষের ছাল ১ এক তোলা। কমল মূল ২ দুই তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

অশ্মরী রোগে।

ধনে। দ্রাক্ষা। কুঁচের বীজ ও গোক্ষুর প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। মধু। খস ও হরিদ্রা প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

প্রমেহ রোগে।

নাগর মুথা ও রক্তচন্দন প্রত্যেকে ।।০ অর্দ্ধ তোলা। হরিদ্রা। খস ও মধু প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

জল প্রমেহ রোগে।

ঝাউবৃক্ষের মুল। কদম্বের ছাল ও রক্তচন্দন প্রত্যেকে ১ এক তোলা জল /৫ পাঁচ সের শেষ /২।।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

রক্ত প্রমেহ রোগে।

দ্রাক্ষা ও যষ্টিমধু প্রত্যেকে ১ এক তোলা। রক্তচন্দন ।।০ অর্দ্ধ তোলা। জল /৩ তিন সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

ক্ষার প্রমেহ রোগে।

বাকস ছাল। কেশুর ও পদ্মমূল প্রত্যেকে ।।০ অর্দ্ধ তোলা। দ্রাক্ষা ১ এক তোলা। কলার মূল ২ দুই তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

তক্র প্রমেহ রোগে।

খস ও রক্তচন্দন প্রত্যেকে ২ দুই তোলা। লোধ ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ঘৃত প্রমেহ রোগে।

হরিদ্রা ও গুলঞ্চ প্রত্যেকে ১ এক তোলা। এলাচ। জায়ফল ও দ্রাক্ষা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ইক্ষু প্রমেহ রোগে।

ক্ষেতপাপড় ৪ চার তোলা। মিশ্রী ১ এক তোলা। ধমাসা ॥০ অর্দ্ধ তোলা। জল /৬ ছয় সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

পিত্ত প্রমেহ রোগে।

হরিদ্রা। পদ্ম মূল ও মিশ্রী প্রত্যেকে ১ এক তোলা। কদম্ব বৃক্ষের ছাল ২ দুই তোলা। জল /৫ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

মধু প্রমেহ রোগে।

শ্বেত চন্দন ও যষ্টিমধু প্রত্যেকে ১ এক তোলা। মধু ২ দুই তোলা। শিমূলের ছাল ও বট বৃক্ষের মূলের ছাল প্রত্যেকে ১।০ সওয়া তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

প্রমেহ পিড়কা রোগে।

ধাইফুল ২ দুই তোলা। শিশুছাল ও বেল ছাল প্রত্যেকে ১ এক তোলা। তুলসী পাতা ॥০ অর্দ্ধ তোলা।

জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ইন্দ্রিয়োপরি পিড়কা রোগে।

ভৃঙ্গরাজ ২ দুই তোলা। তুলসী ১।০ সওয়া তোলা। যষ্টিমধু ও রক্তচন্দন প্রত্যেকে ॥০ অৰ্দ্ধ তোলা। খস ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বহুমূত্র অর্থাৎ সোমরোগে।

জৈত্রী ও লবঙ্গ প্রত্যেকে /০ এক আনা। হরিদ্রা। আমলকী ও ছোয়ারা প্রত্যেকে।০ চারি আনা। কদলী মূল। কেশুর মূল। বটের ঝুড়ি। অশ্বত্থ ছাল। যজ্ঞডুমুরের ছাল ও পাকুর ছাল প্রত্যেকে ॥০ অৰ্দ্ধ তোলা। রক্তচন্দন ৵০ দুই আনা। জল /৩ তিন সের শেষ /১॥০ দেড় সের শীতল হইলে সেবনীয়। প্রক্ষেপ মধু ১ এক তোলা।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের মূত্রকৃচ্ছ্র, মূত্রঘাত, অশ্মরী ও প্রমেহ রোগের জলপান বিধির অষ্টম অধ্যায় ॥ ৮ ॥

জলপান বিধি।

নবম অধ্যায়।

—•:•:•—

মেদ রোগে।

জীরা ও এলাচ প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। বাবস। হরিদ্রা। মধু। গুলঞ্চ ও নাগর মুথা প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

—

জলোদর রোগে।

কাল লবণ। সৈন্ধব লবণ ও সাম্ভর লবণ প্রত্যেকে ৵০ দুই আনা। পিপুল। মরিচ। জোয়ান। বেলমূল ও গোক্ষুর মূল প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

—

প্লীহোদরে।

জোয়ান ও মরিচ প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। কাল জীরা। সাদাজীরা ও গুলঞ্চ প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ ।০ চারি আনা। জল /৫ পাঁচ সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

সান্নিপাতিক উদর রোগে।

জোয়ান ও মিশ্রী প্রত্যেকে ১ এক তোলা। মরিচ ও পিপুল প্রত্যেকে।০ চারি আনা। জীরা ৷৷০ অর্দ্ধ তোলা। সৈন্ধব লবণ ৵০ দুই আনা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৷০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

শোথ রোগে।

দারুহরিদ্রা ১ এক তোলা। পিপুল মূল। শটীর মূল। শুঁঠ ও দেবদারু প্রত্যেকে ৷৷০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৷০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বৃদ্ধি রোগে।

দেবদারু। শুঁঠ। পিপুল ও মরিচ প্রত্যেকে ৷৷০ অর্দ্ধ তোলা। দারুহরিদ্রা ও শটীর মূল প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

রক্তপিত্ত রোগে।

কিস্‌মিস্‌। বড় এলাচ। তেজপাত। পিণ্ডী খেজুর। শ্বেতচন্দন। গুলঞ্চ ও রক্তচন্দন প্রত্যেকে।০ আনা। দুর্ব্বা ও মধু প্রত্যেকে ১ এক তোলা। বেণার মূল ৷৷০ অর্দ্ধ তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়। ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের মেদ, উদরী, শোথ ও বৃদ্ধি রোগের জলপান বিধির নবম অধ্যায় ৷৷ ৯ ৷৷

জলপান বিধি।

দশম অধ্যায়।

গলগণ্ড রোগে।

দেবদারু। যব ও গুলঞ্চ প্রত্যেকে ১ এক তোলা। পিপুল ।০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

গণ্ডমালা রোগে।

এলাচ। দারচিনি ও তেজপাত প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ ও পিপুল প্রত্যেকে ।০ অর্দ্ধ তোলা। অশ্বগন্ধা ।০ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ /২।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

গ্রন্থি রোগে।

জীরা ও ঝাউবৃক্ষের ছাল প্রত্যেকে ১ এক তোলা। আমলকী। বহেড়া। বেল পাতা ও অনন্তমূল প্রত্যেকে ।০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

শ্লীপদ রোগে।

শঠীর মূল ১ এক তোলা। দেবদারু। বিড়ঙ্গ। মধু ও পিপুল প্রত্যেকে ।।০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বিদ্রধি রোগে।

মধু। শুঁঠ। এলাচ। কেলেলতা। শজিনা ও বরুণ ছাল প্রত্যেকে ।।০ অর্দ্ধ তোলা। অনন্তমূল ও দূর্ব্বা প্রত্যেকে ১ এক তোলা। দেবদারু ও শ্বেত পুনর্নবা প্রত্যেকে।০ চারি আনা। জল /৫ পাঁচ সের শেষ /২।।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ব্রণ রোগে।

অনন্তমূল ও গুলঞ্চ প্রত্যেকে ১ এক তোলা। কেলেলতা। মুথা। হরিদ্রা। দারুহরিদ্রা ও রক্তচন্দন প্রত্যেকে ।।০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ভগন্দর রোগে।

যষ্টিমধু। মৌরী। হরিদ্রা। তিল ও শুঁঠ প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২।।০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

উপদংশ রোগে।

হরিদ্রা ১ এক তোলা। জামের ছাল। তিল। মৌয়ার ছাল ও ত্রিফলা প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের গলগণ্ড, গণ্ডমালা, গ্রন্থি, অর্ব্বুদ, শ্লীপদ, বিদ্রধি, ব্রণ, ভগন্দর ও উপদংশ রোগে জলপান বিধির দশম অধ্যায় ॥ ১০ ॥

জলপান বিধি।

একাদশ অধ্যায়।

—•:•:•—

কুষ্ঠ রোগে।

হরিদ্রা। গুলঞ্চ। খস। চন্দন। নাগরমুথা। দারুহরিদ্রা ও অনন্তমূল প্রত্যেকে ১ এক তোলা। তেজপাত ও বাকস পাতা প্রত্যেকে ৷৹ অৰ্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

শীতপিত্ত, উদর্দ্দ ও কোঠ রোগে।

যোয়ান। গুড়। নাগরমুথা ও বিড়ঙ্গ প্রত্যেকে ১ এক তোলা। বাকসপাতা। তেজপাত ও দারচিনি প্রত্যেকে ৷৹ অৰ্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

অম্লপিত্ত রোগে।

বাকসপাতা। এলাচ ও সাদাজীরা প্রত্যেকে ১ এক তোলা। কালজীরা ও তেজপাত প্রত্যেকে ৷৹ অৰ্দ্ধ তোলা। মরিচ। পিপুল ও দারচিনি প্রত্যেকে ।৹ চার আনা। সৈন্ধব লবণ ৵৹ দুই আনা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বায়ু জনিত বিসর্প রোগে।

রক্তচন্দন। কমল মূল। দেবদারু ও মৌয়া প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

পিত্ত জনিত বিসর্প রোগে।

রক্তচন্দন ও গুলঞ্চ প্রত্যেকে ২ দুই তোলা। পানিফল ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

কফ জনিত বিসর্প রোগে।

খস ও যবাসা প্রত্যেকে ১ এক তোলা। আমলকী। হরীতকী ও বহেড়া প্রত্যেকে ॥৹ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বিস্ফোটক রোগে।

খস। ধনে। নাগরমুথা ও হরিদ্রা প্রত্যেকে ১ এক তোলা। যষ্টিমধু। দ্রাক্ষা ও দারুহরিদ্রা প্রত্যেকে ॥৹ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বায়ু জনিত মসূরিকা রোগে।

ধনে। নাগরমুথা। খস। গুলঞ্চ প্রত্যেকে ১ এক তোলা।

মৌয়া। দ্রাক্ষা ও রাস্না প্রত্যেকে ‖০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২‖০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

পিত্ত জনিত মসূরিকা রোগে।

শ্বেতচন্দন। মিশ্রী ও ক্ষেতপাপড়া প্রত্যেকে ‖০ অর্দ্ধ তোলা। রক্তচন্দন ও খস প্রত্যেকে ১ এক তোলা। পটোলমূল ।০ চার আনা। বাকসপাতা ৵০ দুই আনা। জল /৫ সের শেষ /২‖০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

কফ জনিত মসূরিকা রোগে।

হরীতকী। পটোল মূল ও আমলকী প্রত্যেকে ‖০ অর্দ্ধ তোলা। খস। রক্তচন্দন। শ্বেতচন্দন ও বাকসপাতা প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২‖০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের কুষ্ঠ, শীতপিত্ত, উদর্দ্দ, কোঠ, অম্লপিত্ত, বিসর্প, বিস্ফোটক ও মসূরিকা রোগের জলপান বিধির একাদশ অধ্যায় ‖ ১১ ‖

জলপান বিধি।

দ্বাদশ অধ্যায়।

বায়ু জনিত শিরোরোগে।

কুড়। এরণ্ডমূল। শুঁঠ। কুমুদ। উৎপল। দ্রাক্ষা ও যষ্টিমধু প্রত্যেকে ৵০ দুই আনা। কুশ। কাশ। শর ও উলু প্রত্যেকে ।০ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

পিত্ত জনিত শিরোরোগে।

যষ্টিমধু। রক্তচন্দন। ভূমিকুষ্মাণ্ড ও মিশ্রী প্রত্যেকে ।০ চার আনা। অনন্তমূল ও গুলঞ্চ প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। হরিদ্রা ৵০ দুই আনা। অশ্বগন্ধা ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

কফ জনিত শিরোরোগে।

পিপুল। মুথা। মরিচ ও মধুক পুষ্প প্রত্যেকে ।০ চার আনা। কুড়। এলাচ ও লবঙ্গ প্রত্যেকে ৵০ দুই আনা। হরিদ্রা। শুঁঠ ও দারচিনি প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

নেত্র রোগে।

অনন্তমূল ১ এক তোলা। গুলঞ্চ। মুথা। হরিদ্রা ও কদবেল প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। কেলেলতা। বাকস-পাতা। হরীতকী। আমলকী ও পলতা প্রত্যেকে।০ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ /৩ তিন সের শীতল হইলে সেবনীয়।

কর্ণ রোগে।

অনন্তমূল ও কেলেলতা প্রত্যেকে ১ এক তোলা। নাগরমুথা ॥০ অর্দ্ধ তোলা। বাকসপাতা। শুঁঠ। শুল্ফা ও বিড়ঙ্গ প্রত্যেকে।০ চার আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

নাসিকা রোগে।

শুঁঠ। পিপুল। মরিচ ও জৈত্রী প্রত্যেকে।০ চার আনা। অনন্তমূল। কেলেলতা ও বাকসপাতা প্রত্যেকে ১ এক তোলা। দারচিনি ও এলাচ প্রত্যেকে ৵০ দুই আনা। হরিদ্রা ॥০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

দন্ত রোগে।

হরিদ্রা ও নাগরমুথা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। অনন্তমূল ১ এক তোলা। তিল। পিপুল। গোক্ষুর ও ভুমিকুষ্মাণ্ড প্রত্যেকে।০ চার আনা। জৈত্রী ও যষ্টিমধু

প্রত্যেকে ৵৹ দুই আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

জিহ্বা রোগে।

পলতা ॥৹ অর্দ্ধ তোলা। অনন্তমূল। কেলেলতা ও বাকসপাতা। প্রত্যেকে ১ এক তোলা। শুঁঠ। পিপুল। মরিচ ও রাস্না প্রত্যেকে।৹ চার আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

তালু রোগে।

এলাচ ও যষ্টিমধু প্রত্যেকে ৵৹ দুই আনা। পটোল ও হরীতকী প্রত্যেকে।৹ চার আনা। মুথা ॥৹ অর্দ্ধ তোলা। হরিদ্রা। অনন্তমূল ও বাকসপাতা প্রত্যেকে ১ এক তোলা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

ওষ্ঠ রোগে।

অনন্তমূল ও কেলেলতা প্রত্যেকে ১ এক তোলা। পলতা। হরিদ্রা ও বাকস প্রত্যেকে ॥৹ অর্দ্ধ তোলা। হরীতকী। শুঁঠ। পিপুল ও গোলমরিচ প্রত্যেকে।৹ চার আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

গল রোগে।

হরিদ্রা। দারুহরিদ্রা। নাগরমুথা। দ্রাক্ষা ও মুথা প্রত্যেকে ১ এক তোলা। তেজপাত ॥০ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

পিত্ত জনিত মুখ রোগে।

পলতা। গুলঞ্চ ও হরিদ্রা প্রত্যেকে ১ এক তোলা। দ্রাক্ষা। মিশ্রী ও রক্তচন্দন প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। এলাচ।০ চার আনা। জল /৩ তিন সের শেষ /১॥০ দেড় সের শীতল হইলে সেবনীয়।

কফ জনিত মুখ রোগে।

শুঁঠ। নাগরমুথা ও কট্‌ফল প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। পিপুল। মরিচ ও শুঁঠ প্রত্যেকে।০ চার আনা। অনন্তমূল ও হরীতকী ১ এক তোলা। জল /৩ তিন সের শেষ /১॥০ দেড় সের শীতল হইলে সেবনীয়।

সান্নিপাতিক মুখ রোগে।

খয়ের কাষ্ঠ। দারুহরিদ্রা। পলতা। কেলেলতা। রক্তচন্দন। শুঁঠ। বাকসপাতা ও বড়এলাচ প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। অনন্তমূল। নাগরমুথা। হরিদ্রা। গুলঞ্চ ও বটের ঝুড়ি প্রত্যেকে ১ এক তোলা। পিপুল মরিচ ও

ৈজত্রী প্রত্যেকে ।০ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের শির, নাসা, গল,
কর্ণ, ওষ্ঠ, তালু, জিহ্বা, নেত্র, দন্ত, ও
মুখ রোগের জলপান বিধির
দ্বাদশ অধ্যায় ॥ ১২ ॥

—:—

জলপান বিধি।

ত্রয়োদশ অধ্যায়।

—০:✱:০—

বন্ধ্যা রোগে।

তিল। শঠীর মূল। গুড়। ধান্যমূল। হরিদ্রা। হরীতকী ও আমলকী প্রত্যেকে।০ চার আনা। অশ্বগন্ধা ৷৷০ অর্দ্ধ তোলা। যষ্টিমধু। শ্বেতচন্দন। রক্তচন্দন। দ্রাক্ষা ও পিপুল প্রত্যেকে ৵০ দুই আনা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৷০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

স্ত্রীধর্ম্ম রোগে।

ধাইফুল ৷৷০ অর্দ্ধ তোলা। অশ্বগন্ধা ২ দুই তোলা। বটের অঙ্কুর। সাদাজীরা। কালজীরা ও গুড় প্রত্যেকে ১ এক তোলা। নাগকেশর।০ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৷০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

শ্বেত প্রদর রোগে।

নাগরমুথা ও অশ্বগন্ধা প্রত্যেকে ১ এক তোলা। দারুহরিদ্রা। চিরতা ও নাগেশ্বর প্রত্যেকে ৷৷০ অর্দ্ধ তোলা। বেড়েলা। জীরা। কেশুরিয়া। যষ্টিমধু ও কিস্‌মিস্ প্রত্যেকে।০ চার আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

রক্ত প্রদর রোগে।

কাঁটা নটে। যজ্ঞডুম্বর। অশোক। যষ্টিমধু। দারুহরিদ্রা। চিরতা। মধু ও বেলশুঁঠ প্রত্যেকে।০ চার আনা। শতমূলী ॥০ অর্দ্ধ তোলা। বাকস। মুথা ও রক্তচন্দন প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

গর্ভ হওনে।

শতমূলী ও হরিদ্রা প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। অশ্বগন্ধ। অনন্তমূল ও মুথা প্রত্যেকে ১ এক তোলা। শ্বেতচন্দন। রক্তচন্দন। কুন্দ ও হরীতকী প্রত্যেকে।০ চার আনা। বেড়েলা ও গোরক্ষচাকুলে প্রত্যেকে ৵০ দুই আনা। জল /৪ চার সের শেষ /২ দুই সের শীতল হইলে সেবনীয়।

যোনি রোগে।

হরীতকী। হরিদ্রা। রাস্না। যষ্টিমধু। ভূমিকুষ্মাণ্ড ও কালজীরা প্রত্যেকে।০ চার আনা। গুলঞ্চ। কুশ মূল ও তৃণমূল প্রত্যেকে ॥০ অর্দ্ধ তোলা। শতাবরী ১।০ শওয়া তোলা। আমলকী পুনর্নবা ও মিশ্রী প্রত্যেকে ৵০ দুই আনা। অশ্বগন্ধা ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২॥০ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

গর্ভিণী জ্বরে।

যষ্টিমধু। রক্তচন্দন। খস ও ক্ষেতপাপড়া প্রত্যেকে ১

এক তোলা। পদ্মমূল ও গুলঞ্চ প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। অশ্বগন্ধা ।৹ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

গর্ভিণীর অতিসারে।

রক্তচন্দন। আমের ছাল ও জামের ছাল প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। নাগরমুথা। ক্ষেতপাপড়া ও ধনে প্রত্যেকে ১ এক তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

গর্ভস্রাব নিবারণে।

যষ্টিমধু। কাশমূল ও মধু প্রত্যেকে ১ এক তোলা। মৃণালমূল। ধাইফুল ও গোক্ষুরমূল প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

সূতিকা রোগে।

দেবদারু। বালা। মেথী ও কালজীরা প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। নাগরমুথা। গুলঞ্চ ও ধনে প্রত্যেকে ১ এক তোলা। জায়ফল ।৹ চার আনা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

বাল জ্বরে।

নাগরমুথা। গুলঞ্চ ও ক্ষেতপাপড়া প্রত্যেকে ১ এক

তোলা। পলতা। সাদাজীরা ও কালজীরা প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বালকের জ্বরাতিসারে।

নাগরমুথা। অতসী। কাকড়া শৃঙ্গী ও মধু প্রত্যেকে ১ এক তোলা। পিপুল ৷৹ অর্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বালকের উদরাময়ে।

বেলশুঁঠ। মুথা ও কেলেলতা প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। সাদাজীরা। বালা ও ধাইফুল প্রত্যেকে ।• চার আনা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বালকের অতিসারে।

নাগরমুথা ১ এক তোলা। বেলশুঁঠ। ধাইফুল ও বালা প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বালকের গ্রহণী রোগে।

হরিদ্রা ১ এক তোলা। মৌরী। দেবদারু ও কণ্টকারী প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বালকের কাস রোগে।

নাগরমুথা ১ এক তোলা। বাকস পাতা ও মিশ্রী প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। কেশর। দারচিনি ও বড়এলাচ প্রত্যেকে ।৹ চার আনা। পিপুল। মরিচ ও শুঁঠ প্রত্যেকে ৵৹ দুই আনা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বালকের শ্বাস কাস রোগে।

মুনক্কা। বাকস পাতা ও মধু প্রত্যেকে ১ এক তোলা। দ্রাক্ষা ও পিপুল প্রত্যেকে ৷৹ অর্দ্ধ তোলা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বালকের মূত্র রোগে।

হরিদ্রা। আমলকী ও মধু প্রত্যেকে ১ এক তোলা। ছোট এলাচ ।৹ চার আনা। জল /২ দুই সের শেষ /১ এক সের শীতল হইলে সেবনীয়।

বিষ রোগে।

হরিদ্রা। ধনে। বড়এলাচ ও যষ্টিমধু প্রত্যেকে ১ এক তোলা। মসুর ও মধু প্রত্যেকে ২ দুই তোলা। কুড় ।৹ চার আনা। ঘৃত ৪ চার তোলা। পিপুল ৷৹ অর্দ্ধ তোলা। সৈন্ধব লবণ ৵৹ দুই আনা। জল /৫ পাঁচ সের শেষ /২৷৹ আড়াই সের শীতল হইলে সেবনীয়।

ইতি শ্রীভুবনচন্দ্র বসাকের বন্ধ্যারোগ,
স্ত্রীরোগ, প্রদর, যোনিরোগ, স্তন
রোগ, গর্ভ, বাল ও বিষ রোগের
জলপান বিধির ত্রয়োদশ অধ্যায়॥ ১৩॥

সমাপ্ত।

কলিকাতা নিমতলা ঘাট ষ্ট্রিট ৮ সংখ্যক ভবনে
শ্রী ভুবনচন্দ্র বসাকের দ্বারা সংবাদ জ্ঞান-
রত্নাকর যন্ত্রে মুদ্রিত ও প্রকাশিত।

মুনিগণের প্রশংসিত, ব্যবহৃত ও পরীক্ষিত মহৌষধ।

আমার নিকট অনেক কঠিন, যাপ্য ও উৎকট রোগের পরীক্ষিত ঔষধ আছে। রোগীর বয়স, রোগের অবস্থা লক্ষণাদি জ্ঞাত হইলে ঔষধ প্রাপ্ত হইবেন। নগদ মূল্যে বিক্রয়। বিদেশে ভ্যালু পেএবল পারশেল পোষ্টে পাঠান যায়। ইহাতে অন্যান্য মতের অনেক অসাধ্য রোগের আশ্চর্য্য ফল পাওয়া যায়, তাহা আরোগ্য রোগীর পত্র পাঠে বিদিত হইবেন. জ্ঞাপনমিতি।

শ্রীভুবনচন্দ্র বসাক।

কলিকাতা, ৮নং নিমতলা ঘাট ষ্ট্রিট।

* * *

जाहिर होने के वास्ते।

हमारी पास अनक प्रकार कठिन, याप्य औ उत्कट रोगों का परीक्षित औषध है। रोगी का उमर, रोग का अवस्था औ लक्षण आदि जान ने से औषध मिलेगा। नगद मूल्य में विक्रय। विदेश मे व्यालु पेएबल पारसेल पोष्ट मे भेजा जाता है।

श्रीभुवन चन्द्र बसाक।

कलकत्ता, नं ८ निमतला घाट ष्ट्रीट।